

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৫

আগরতলা, ৬ মে, ২০২৪

রাজ্যের খোলা বাজারে নিত্য প্রয়োজনীয়
খাদ্যপণ্যের মজুত এবং দাম নিয়ন্ত্রণে সভা

বিগত কিছুদিন যাবত রেল পরিষেবা বিঘ্নিত হওয়ায় রাজ্যের খোলা বাজারে নিত্য প্রয়োজনীয় খাদ্যপণ্য সামগ্রীর মজুত ও দাম নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে আজ অল ত্রিপুরা মার্চেন্ট অ্যাসোসিয়েশন এবং ত্রিপুরা হোলসেল গ্রোসারি মার্চেন্ট অ্যাসোসিয়েশন প্রতিনিধিদের নিয়ে খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন দপ্তরের অধিকর্তা নির্মল অধিকারী। পর্যালোচনা সভায় খাদ্য দপ্তরের অধিকর্তা নির্মল অধিকারী ব্যবসায়ী প্রতিনিধিদের সঙ্গে বাজারে নিত্য প্রয়োজনীয় খাদ্যপণ্যের বর্তমান মজুতের পরিমাণ, পাইকারী / খুচরো মূল্য, বহিরাঙ্গ্য থেকে খাদ্যসামগ্রী আমদানি ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি ব্যবসায়ী প্রতিনিধিদের কাছে অনুরোধ জানান রাজ্যে রেল পরিষেবা স্বাভাবিক না হওয়া পর্যন্ত তারা যেন সড়ক পথে নিত্য প্রয়োজনীয় খাদ্যসামগ্রী আনার ব্যবস্থা করেন। তাছাড়াও রাজ্যের বাজারে খাদ্যসামগ্রীর যেন কোনও প্রকার অস্বাভাবিক মূল্যবৃদ্ধি না হয়, তারজন্য উদ্যোগ নিতে সংশ্লিষ্ট সকলের কাছে অনুরোধ জানান।

আলোচনাকালে ব্যবসায়ী প্রতিনিধিগণ জানিয়েছেন, বর্তমানে রাজ্যে প্রায় এক মাসের খাদ্য সামগ্রী মজুত রয়েছে এবং প্রতিদিন বহিরাঙ্গ্য থেকেও সড়কপথে খাদ্যসামগ্রী আমদানি করা হচ্ছে। আগামীদিনে যাতে নিত্য প্রয়োজনীয় সামগ্রীর যোগান এবং মূল্য স্বাভাবিক থাকে তারজন্য ব্যবসায়ীদের তরফ থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। তাছাড়াও খাদ্য দপ্তরের অধিকর্তার নির্দেশে মহকুমা শাসকগণ মহকুমাস্তরে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ এবং মজুতের ব্যাপারে সংশ্লিষ্ট ব্যবসায়ীদের সঙ্গে বিস্তারিতভাবে পর্যালোচনা করবেন। খাদ্য জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের পক্ষ থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
